



মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল-১৯০২



নিয়োগ বিজ্ঞপ্তি

সূত্র: মাভাবিপ্রবি/রেজিঃ/সংস্থাপন-২/এ-১২/১৩৬৬/

তারিখ: ২৭ জ্যৈষ্ঠ ১৪২৫
১০ জুন ২০১৮

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত বিভাগসমূহে বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ উল্লিখিত বেতন স্কেলে শিক্ষক নিয়োগের লক্ষ্যে যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্র. নং	পদের নাম ও বেতন স্কেল	বিভাগের নাম	পদ সংখ্যা
০১	সহযোগী অধ্যাপক টাকা ৫০০০০-৭১২০০/-	পদার্থবিজ্ঞান বিভাগ	০১ টি (স্থায়ী)
০২	প্রভাষক টাকা ২২০০০-৫৩০৬০/-	পদার্থবিজ্ঞান বিভাগ	০২ টি (শিক্ষা ছুটিজনিত শূন্য পদে অস্থায়ী)
০৩	প্রভাষক টাকা ২২০০০-৫৩০৬০/-	ফরমসী বিভাগ	০২ টি (শিক্ষা ছুটিজনিত শূন্য পদে অস্থায়ী)
০৪	প্রভাষক টাকা ২২০০০-৫৩০৬০/-	গনিত বিভাগ	০১ টি (স্থায়ী)

প্রয়োজনীয় যোগ্যতা ও শর্তাবলী:

সহযোগী অধ্যাপক:

- ক) প্রার্থীর এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান পরীক্ষার উভয়টিতে প্রথম বিভাগ/জিপিএ-৫.০০ স্কেলে ন্যূনতম জিপিএ ৪.০০ এবং জিপিএ ৪.০০ স্কেলে ন্যূনতম জিপিএ ৩.৫০ থাকতে হবে (চতুর্থ বিষয়সহ)।
- খ) প্রার্থীকে পাবলিক বিশ্ববিদ্যালয় হতে Relevant Subject-এ স্নাতক ডিগ্রিসহ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। উভয় ক্ষেত্রেই প্রার্থীর প্রথম শ্রেণী/সিজিপিএ-৫.০০ স্কেলে ন্যূনতম সিজিপিএ ৪.২৫ অথবা সিজিপিএ ৪.০০ স্কেলে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকতে হবে।
- গ) পিএইচ.ডি. ডিগ্রিধারীদের ক্ষেত্রে:
পাবলিক বিশ্ববিদ্যালয়ে সহকারী অধ্যাপক হিসেবে সক্রিয় ০৪ (চার) বছরের অভিজ্ঞতাসহ সর্বমোট ০৮ (আট) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা এবং সহকারী অধ্যাপক হিসেবে ০৩ (তিন) টি প্রকাশনাসহ সর্বমোট ০৫ (পাঁচ)টি প্রকাশনা থাকতে হবে। অথবা
- ঘ) এম.ফিল./সমমান ডিগ্রিধারীদের ক্ষেত্রে:
পাবলিক বিশ্ববিদ্যালয়ে সহকারী অধ্যাপক হিসেবে সক্রিয় ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ সর্বমোট ১০ (দশ) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা এবং সহকারী অধ্যাপক হিসেবে ০৩ (তিন) টি প্রকাশনাসহ সর্বমোট ০৫ (পাঁচ)টি প্রকাশনা থাকতে হবে। অথবা
- ঙ) পিএইচ.ডি./এম.ফিল./সমমানের ডিগ্রি নেই এমন প্রার্থীদের ক্ষেত্রে:
পাবলিক বিশ্ববিদ্যালয়ে সহকারী অধ্যাপক হিসেবে সক্রিয় ০৭ (সাত) বছরের অভিজ্ঞতাসহ সর্বমোট ১২ (বার) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা এবং সহকারী অধ্যাপক হিসেবে ০৩ (তিন) টি প্রকাশনাসহ কমপক্ষে ০৫ (পাঁচ)টি প্রকাশনা থাকতে হবে।
- * শিক্ষা জীবনের কোন স্তরে তৃতীয় বিভাগ/ শ্রেণী/সিজিপিএ-৩.২৫ বা এর নীচে গ্রহণযোগ্য নয়।
- * বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে যে কোনো একটি শর্ত শিথিলযোগ্য।

প্রভাষক :

- ক) প্রার্থীর এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান পরীক্ষার উভয়টিতে প্রথম বিভাগ/জিপিএ-৫.০০ স্কেলে ন্যূনতম জিপিএ ৪.০০ এবং জিপিএ ৪.০০ স্কেলে ন্যূনতম জিপিএ ৩.৫০ থাকতে হবে (চতুর্থ বিষয়সহ)।
- খ) প্রার্থীকে পাবলিক বিশ্ববিদ্যালয় হতে উল্লিখিত বিষয়ে স্নাতক (সম্মান) ডিগ্রিসহ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। উভয় ক্ষেত্রেই প্রার্থীর প্রথম শ্রেণী/সিজিপিএ-৫.০০ স্কেলে ন্যূনতম সিজিপিএ ৪.২৫ অথবা সিজিপিএ ৪.০০ স্কেলে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকতে হবে।
- * পিএইচ.ডি. ডিগ্রিধারী প্রার্থীর ক্ষেত্রে যে কোন একটি শর্ত শিথিলযোগ্য। তবে শিক্ষা জীবনে কোন স্তরে তৃতীয় বিভাগ/শ্রেণী/সিজিপিএ ৫.০০ স্কেলে সিজিপিএ ৩.৫০/ সিজিপিএ ৪.০০ স্কেলে সিজিপিএ ৩.২৫ বা এর নীচে গ্রহণযোগ্য নয়।

আবেদনের নিয়মাবলী:

- * উপরোক্ত পদসমূহের নির্ধারিত যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণ এবং আবেদনপত্রের নির্ধারিত ফরম ব্যক্তিগতভাবে অথবা www.mbstu.ac.bd ওয়েবসাইট থেকে অথবা ১০/- (দশ) টাকার অব্যবহৃত ডাকটিকেটসহ নিজ ঠিকানাসম্বলিত খাম পাঠিয়ে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিস হতে অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাবে।
- * “ভাইস-চ্যান্সেলর, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সন্তোষ, টাঙ্গাইল-১৯০২” এর অনুকূলে সোনালী ব্যাংক লিমিটেড, মাভাবিপ্রবি শাখা, সন্তোষ, টাঙ্গাইল এর উপর প্রদেয় দরখাস্ত ফি বাবদ সোনালী ব্যাংক লিমিটেড-এর যে কোন শাখা হতে ৮০০/- (আটশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ প্রার্থীর সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি, মার্কসীট/ট্রান্সক্রিপ্ট, সার্টিফিকেট, জাতীয় পরিচয়পত্র, চারিত্রিক সনদ ও সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রশংসা পত্রের সত্যায়িত অনুলিপি সংযুক্ত পূর্বক নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
- * সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকরির প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- * আগামী ১১ জুলাই ২০১৮ তারিখের মধ্যে ১০ (দশ) সেট আবেদন রেজিস্ট্রার, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সন্তোষ, টাঙ্গাইল-১৯০২ বরাবর অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে।
- * বিদেশী বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে সংশ্লিষ্ট ডিগ্রী এবং সিজিপিএ এর মধ্যে শিক্ষামন্ত্রণালয়/বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক সমতা বিধানের Certificate দরখাস্তের সাথে অবশ্যই জমা দিতে হবে।
- * আবেদনে স্থায়ী ও যোগাযোগের ঠিকানা এবং মোবাইল নম্বর স্পষ্টভাবে লিখতে হবে। অসম্পূর্ণ বা নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- * যে কোন আবেদনপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- * এ নিয়োগ বিজ্ঞপ্তি জারীর কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদানে বাধ্য নন।
- * নিয়োগের বিষয়ে কোন প্রকার সুপারিশ বা তদ্বির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

ড. মোহাঃ তোহিদুল ইসলাম
রেজিস্ট্রার, মাভাবিপ্রবি।
ফোন : ০৯২১-৬২৪০১